'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2024

## GE1-P2-BENGALI

### NEW & RE-REVISED SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) শ্রুত্যনুপ্রাস অলংকার কাকে বলে ? উদাহরণ দাও।

(খ) টীকা লেখোঃ —পর্ব অথবা মাত্রা।

(গ) অপহ্নুতি অলংকার কাকে বলে ? উদাহরণ দাও।

(ঘ) 'লোকসাহিত্য' গ্রন্থে রবীন্দ্রনাথ ঠাকুর ছড়ার পাঠান্তর বলতে কী বুঝিয়েছেন তা লেখো।

(ঙ) পশ্চিমবঙ্গে লোকসংস্কৃতি চর্চার তিনটি প্রতিষ্ঠানের নাম লেখো।

(চ) বাংলা 'লোকসাহিত্য' গ্রন্থে 'ছেলেভুলানো ছড়া-১' থেকে একটি ছড়া লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ব্যতিরেক অলংকার কাকে বলে ? এই অলংকার কয়প্রকার ও কি কি, উদাহরণসহ আলোচনা করো।

(খ) গ্রাম্যসাহিত্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) 'যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে' —এই ছড়াটিতে গ্রাম সমাজের যে চিত্র ফুটে উঠেছে, তার পরিচয় দাও।

(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করোঃ

(অ) 'বাঁশ-বাগানের মাথার উপর চাঁদ উঠেছে ওই,
মাগো আমার শোলক্ বলা কাজলা দিদি কই ?'

(আ) 'হেড অফিসের বড়োবাবু লোকটি বড়ো শান্ত,
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জান্‌ত ?'

(ঙ) অলংকার নির্ণয় করোঃ

(অ) 'কলকল্লোলে লাজ দিল আজ
নারীকণ্ঠের কাকলি।'

(আ) 'শুনিতেছি আজো আমি প্রাতে উঠিয়াই
আয় আয় কাঁদিতেছে তেমনি সানাই।'

(চ) বাংলা লোকসংস্কৃতি চর্চায় তুষার চট্টোপাধ্যায়ের অবদান সম্পর্কে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ছড়াচর্চায় রবীন্দ্রনাথ ঠাকুরের মহত্ত্ব ও দুর্বলতার পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছেলেভুলানো ছড়া-১' অবলম্বনে ছড়ার বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) মিশ্রকলাবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও। এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) 'রূপক' অলংকার কাকে বলে ? এই অলংকার কয়প্রকার ও কি কি ? উদাহরণসহ আলোচনা করো।

——×——

Maynaguri College Library